

হিয়া কাঁপিছে সুখে কি দুখে সখী,  
কেন নয়নে আসে বারি ।  
আজি প্রিয়তম আসিবে মোর ঘরে—  
বলো কী করিব আমি সখী ।  
দেখা হলে, সখী, সেই প্রাণবঁধুরে      কী বলিব নাহি জানি ।  
সে কি না জানিবে, সখী,      রয়েছে যা হৃদয়ে—  
না বুঝে কি ফিরে যাবে সখী ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Dhamaar, Raag: Jaijayanti  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail